দৈনিক ইত্তেফাক

তারিখ ......
পৃষ্ঠা ...৫... কলাম ...২...

# বেসরকারি কলেজে সহকারী অধ্যাপক হওয়ার ন্যূনতম যোগ্যতা কী?

আমার অকাল বিধবা কন্যা একটি বেসরকারী কলেজের প্রভাষক। স্নাতকোত্তর ব্যতীত অন্যান্য পর্যায়ে সে প্রথম বিভাগ শ্রেণীপ্রাপ্ত। স্নাতক (সম্মান) / স্নাতকোত্তর পর্যায়ে প্রথম শ্রেণী থাকলে পাঁচ বছর এবং উভয় ক্ষেত্রে দ্বিতীয় শ্রেণী থাকলে আট বছর প্রভাষক পদে কর্মরত থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পদ থাকাসাপেক্ষে সহকারী অধ্যাপক হওয়া যায় বলে তার জানা ছিল। বছর তিনেক আগে এব্যাপারে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে যোগাযোগ করলে জানা যায়, পাঁচ বছরের সুবিধাটি রহিত করে সকলের জন্য আট বছর করা হয়েছে। সে তাই বিশ্বাস করে। ইতিমধ্যে তার কর্মকাল ও এমপিওভুক্তির আট বছর পূর্ণ হওয়ায় আবার যোগাযোগ করলে বলা হয়, বছরের মাঝে কারো যোগ্যতা অর্জিত হলে পরবর্তী অর্থবছরে তা কার্যকরী হয়। কিন্তু আমার পরিচিত প্রথম শ্রেণী প্রাপ্ত এক প্রভাষক গত অক্টোবর মাসে সহকারী অধ্যাপক হিসেবে এমপিওভুক্ত হয়েছেন। তাঁর মোট কর্মকাল পাঁচ বছর হলেও এমপিওভুক্তির মেয়াদ আরও কম। অথচ মাউশি অধিদপ্তর থেকে আমার কন্যাকে জানানো হয়েছিল, এমপিওভুক্তির দিন থেকে কর্মকাল গণনা করা হয়। সেই ভাগ্যবান প্রভাষকের ক্ষেত্রে কোন্ বিধি প্রযোজ্য হয়েছে জানি না। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আমার প্রশ্ন, বেসরকারী কলেজে সহকারী অধ্যাপক হওয়ার ন্যূনতম যোগ্যতা কি?

সৈয়দ মাহমুদ হোসেন,
মাজার, উত্তরখান,
উত্তরা, ঢাকা ১২৩০।